

১৯. নরক

নরক যে একটি অনন্ত যন্ত্রনার স্থান এই ধারণা শত শত বছর ধরে প্রচলিত হয়ে আসছে। অনেক মন্ডলী তাদের সদস্যদের ভীতি প্রদর্শনের উদ্দেশ্যে এই ধারণাটিকে ব্যবহার করেছে - কেউই নরকের আগুনে অনন্তকাল শাস্তি পেতে চায় না। এই অধ্যায়ে আমরা দেখব বাইবেলে “নরক” বলতে কি বুঝানো হয়েছে। আপনি হয়তো অবাক হবেন।

মূল পাঠ: প্রেরিত ২:২২-৩২

এই অনুচ্ছেদটি পঞ্চাশতমীর দিনে পিতরের বক্তিতার একটি অংশ। সে পুরাতন নিয়মের গীতসংহিতার ভবিষ্যতবাণী থেকে উদ্ধৃতি ব্যবহার করে দেখাচ্ছিল যে যিশুর মৃত্যু এবং পুনরুত্থানের বিষয় ১০০০ বছর আগে ভবিষ্যতবাণী করা হয়েছিল।

১. কেন “তাকে ধরে রাখার সাধ্য মৃত্যুর ছিল না” (২৪ পদ)?
২. নিচের তিনটি ভিন্ন ভিন্ন অনুবাদ থেকে ২৭ পদ তুলনা করে দেখুন।

Bangla Common Language Version কারন তুমি আমাকে মৃতস্থানে ফেলে রাখবে না, তোমার ভক্তের দেহকে তুমি নষ্ট হতে দেবে না।

Cary Version কারন তুমি আমার প্রাণ পাতালে পরিত্যাগ করিবে না, আর নিজ সাধুকে ক্ষয় দেখিতে দিবে না।

NIV because you will not abandon me to the grave (কবর), nor will you let your Holy One see decay.

KJV Because thou wilt not leave my soul in hell (নরক), neither wilt thou suffer thine Holy One to see corruption.

NASB because thou wilt not abandon my soul to Hades (নরক বা মাটির তলের দেশ), nor allow thy Holy One to undergo decay.

লক্ষ করুন একই গ্রীক শব্দ বুঝানোর জন্য বিভিন্ন ভাষা এবং বিভিন্ন অনুবাদের বাইবেলে “মৃতস্থান”, “পাতাল”, “grave (কবর)”, “hell (নরক)”, “Hades (নরক মাটির তলের দেশ)” ইত্যাদি বিভিন্ন শব্দ ব্যবহার করা হয়েছে। আপনার কাছে যদি আরো অন্য কোন ভাষা বা অনুবাদের বাইবেল থাকে তবে সেগুলোও মিলিয়ে দেখুন। এই সব শব্দগুলো কি একই অর্থ প্রকাশ করে বলে আপনি মনে করেন?

৩. (২৭ পদ অনুসারে) যীশু নিষ্পাপ হওয়া সত্ত্বেও পাতালে বা নরকে গিয়েছিলেন। আসলে নরক শব্দটি কি কোন মন্দ অর্থ প্রকাশ করে?

নরক হল কবর

বাইবেল আমাদের শিক্ষা দেয় যে নরক হল কবর। সবাই সেই এক যায়যায়ই যায় তা সে ভালই হোক বা মন্দই হোক। এই বিষয়টি যদি এত সহজই হত তাহলে কেন এত বিভ্রান্তি আর মতপার্থক্য? এর আসলে দুটি কারন - একটি হল অনুবাদগত পার্থক্য আর আরেকটি হল প্রাচীন গ্রীক রূপকথা।

প্রোরিত ২:২৭ পদ হল অনুবাদগত পার্থক্যের একটি উদাহরণ। কেন আমরা দেখি যে NIV এবং Bangla Common Language বাইবেলে “কবর” এবং “মৃতস্থান”; KJV এবং Cary Version বাইবেলে “নরক” এবং “পাতাল”; এবং NASB বাইবেলে “নরক বা মাটির তলের দেশ” বলা হয়েছে? এই সমস্যার সমাধান খুঁজে বের করার জন্য মূল ভাষা (যে ভাষায় বাইবেল লেখা হয়েছিল সেই ভাষা) আমাদের পরীক্ষা করে দেখতে হবে।

মূল শব্দ

ইব্রীয় সিয়োল (sheol) বা গ্রীক হেইডিস্ (hades) = মৃতদের স্থান বা মৃতদের থাকবার স্থান, যেমন: কবর বা সমাধী
যা সাধারণত অনুবাদ করা হয়ে থাকে নরক, কবর, মাটির গর্ত, গভীরতা, মৃত্যু।

কোন কোন ইংরেজী বা অন্যান্য ভাষার অনুবাদে (যেমন NASB এবং NRSV তে) এই সমস্যা পরিহার করার জন্য সিয়োল (sheol) বা হেইডিস্ (hades) শব্দগুলোকে অননুবাদিত রাখা হয়েছে। তবে তার মানে হল এসব অনুবাদের বাইবেল যারা পাঠ করবেন তাদেরকে গ্রীক এবং ইব্রীয় ভাষা জানতে হবে। এই শব্দগুলোর জন্য সবচেয়ে উপযুক্ত যে শব্দটি আমরা গ্রহন করতে পারি তা হল “কবর” - এটি এই শব্দগুলোর আক্ষরিক অনুবাদ।



প্রাচীন গ্রীক রূপকথার বিস্তৃত প্রভাব

কুসংস্কারে বিশ্বাসী প্রাচীন গ্রীকের লোকদের কাছে হেইডিস্ (hades) শব্দটির অর্থ কবরের থেকে আরো বেশি কিছু। গ্রীকদের একজন দেবতার নাম ছিল হেইডিস্; যাকে মনে করার হত যে সে চলে যাওয়া আত্মাগুলোকে অগুনে পরিপূর্ণ মাটির নিচের জগতে শাসন এবং শোষণ করে অত্যাচার করত। আর এই মাটির নিচের জগৎটিও তাদের কাছে হেইডিস্ (hades) নামে সসময়ে পরিচিত ছিল। গ্রীক কবি Homer ৭০০ খ্রী.পূ তার লেখা The Iliad লেখনিতে হেইডিস্ সম্পর্কে মন্তব্য করে বলেছেন:

গাও ঈশ্বরহীন, পিলিয়াসের ছেলে এখিলসে ক্রোধ, এক ধ্বংসের ক্রোধ, যা এখিনের উপর নিয়ে এসেছে তার বিপুল শোক আর দুর্দশা, আর তাদের পাঠিয়ে দিয়েছে হেইডিসে, কত সাহসী বীরদের আত্মা . . . হেইডিস্ নির্ধর আর দুর্দমনীয়।

(Sing, goddess, the wrath of Peleus' son Achilles, a destroying wrath which

brought upon Achaeans myriad woes, and sent forth to Hades many valiant souls of heroes... Hades is relentless and unyielding.)

গ্রীক সম্রাজ্যের সময়কালে গ্রীক ভাষা এবং সংস্কৃতি জনপ্রিয় হয়ে ওঠে - সহজ এবং সাধারণ যিহুদী সংস্কৃতির তুলনায় এটি ছিল চমকপ্রদ, ভিন্নধর্মী এবং অত্যাধুনিক। নতুন নিয়মের সময়কাল আসতে আসতে যিহুদীরা গ্রীক হেইডিস্ (hades) শব্দটি দুই ভাবে ব্যবহার হতে শুরু করে: এক হল কবর বুঝাতে এবং আরেকটি হল গ্রীক রূপকথার ছয়াময় মাটির নিচের সম্রাজ্য বুঝাতে। আমরা স্পষ্টভাবে বুঝতে পারি যে, নতুন নিয়মের লেখকরা গ্রীক দেব-দেবতাদের মটির নিচের সম্রাজ্য বুঝাতে হেইডিস্ (hades) শব্দটি ব্যবহার করেননি। এক কথায় বলা যায় বাইবেলের যে অর্থ প্রকাশ করতে হেইডিস্ (বা সিয়োল) শব্দটি ব্যবহার করা হয়েছে তা হল কবর।

আপনি জানেন কি?

গ্রীকেরা ইস্রায়েলীদের উপর উল্লেখযোগ্য পরিমাণ প্রভাব বিস্তার করেছিল - তারা তাদের নির্মান শিল্পকর্ম, ভাষা, শিক্ষা ব্যবস্থা, লেখনী এবং এমনকি তাদের ধর্মের উপর পর্যন্ত প্রভাব বিস্তার করেছিল। আজো আপনি ইস্রায়েলের স্থাপিত ১৬০০ বছরের পুরোনো মন্দির দেখতে যেতে পারেন, এবং সেখানে আপনি ইস্রায়েলিদের মেনোরা (বা বাতিদান) এবং সাক্ষ (বা নিয়ম) সিন্দুকের পাশে তাদের মোজাইকের উপর গ্রীকদের সূর্য দেবতা হিলিয়াস এবং অন্যান্য কাল্পনিক চরিত্রের প্রতিকৃতি দেখতে পাবেন। ভেবে দেখুন ইস্রায়েলীরা তাদের চারপাশের জাতিদের দ্বারা কলুষিত হওয়াতে ঈশ্বর কতটাইনা দুঃখ বোধ করেছিলেন। তিনি সুনির্দিষ্টভাবে ইস্রায়েলীদের সতর্ক করে বলেছিলেন যেন তারা তাদের চারপাশের জাতিদের দ্বারা প্রভাবিত হওয়া থেকে নিজেদের বিরত রাখে। (দ্বিতীয় বিবরণ ৭:১-৬)।

সবাই মারা যায় এবং নরকে যায়

মানুষের জীবনের অল্পকিছু নিশ্চিত গন্তব্যের মধ্যে মৃত্যু একটি। দায়ূদ লিখেছেন

কে সেই শক্তিশালী মানুষ, যে বেঁচেই থাকবে, মরবে না? এমন কে আছে, যে মৃতস্থানের হাত থেকে নিজেকে রক্ষা করতে পারবে? (গীতসংহিতা ৮৯:৪৮)


তবে যীশু যেমন পুণরুত্থিত হয়েছেন ঠিক তেমনি সব মৃত ব্যক্তির সমাপ্তি কেবল মৃত্যুতেই নয়। অনেক মানুষকে বিচারের জন্য পুণরুত্থিত করা হবে, কাউকে অনন্ত জীবনের জন্য আর কাউকে অনন্তকালীন মৃত্যুর জন্য - তা হবে দ্বিতীয় মৃত্যু। ৪৪ অধ্যায়, বিচার দেখুন।

... মৃত্যু এবং মৃতস্থান ফিরিয়ে দিল। প্রত্যেককে তার কাজ অনুসারে বিচার করা হল।
(প্রকাশিত বাক্য ২০:১৩)

নরকের আগুন!

মনে করুন . . . একের পর এক আপনার পেট মোচড়াচ্ছে - দুর্গন্ধ, ধুমা, মাছি, আর আগুনের উত্তাপ। আপনি এই বিভৎস যায়গাটির চারিদিকে তাকিয়ে দেখেন আর একের পর এক মৃত পশুপাখি এই ধুমায় পূর্ণ স্তূপের জড়ো করতে থাকেন। এই যায়গাটি মৃত্যু আর ধ্বংসের দুর্গন্ধে পরিপূর্ণ। দুর্গন্ধের তীব্রতায় আপনার বমি করতে ইচ্ছা হয় . . .

এই যায়গাটি আজো বিদ্যমান আছে, তবে সেখানে আজ আর কোন আগুন নেই। এটি হিন্নোম উপত্যকা নামে পরিচিত, যেরুশালেমের প্রাচীন দেওয়ালের দক্ষিণ দিকে অবস্থিত একটি গভীর উপত্যকা। পুরাতন নিয়মের সময়ে মোলেক দেবতার কাছে শিশু উৎসর্গ করার জন্য এই যায়গাটি ব্যবহার করা হত (উদাহরণ সৰূপ: যিরমিয় ৩২:৩৫)। পরবর্তীতে যিহুদীরা এই ধরনের জঘন্য কাজকে ঘৃণা করে তাদের শহরের আবর্জনা, মৃত পশুপাখি আর অপরাধীদের মৃত দেহ ফেলার জন্য এই স্থানটিকে ব্যবহার করত।



আবর্জনাকে ভস্মীভূত (বা ছাইতে রূপান্তরিত) করার জন্য সেই যায়গায়টিতে সবসময় আগুন জ্বলত, আর সেই কারণে এই যায়গাটি মৃত্যু, ধ্বংস আর অপরাধের সঙ্গে সম্পর্কযুক্ত হয়ে ওঠে। এই উপত্যকাটিকে নির্দেশ করতে যে গ্রীক শব্দ ব্যবহার করা হত তা হল গেহেনা (Gehenna)। গেহেনা শব্দটি নতুন নিয়মে ১২ বার ব্যবহার করার হয়েছে। উদাহরণ সৰূপ, যীশু বলেছেন

তোমার চোখ যদি তোমাকে পাপের পথে টানে তবে তা তুলে ফেল। দুই চোখ নিয়ে নরকে পড়বার চেয়ে বরং কানা হয়ে ঈশ্বরের রাজ্যে ঢোকা তোমার পক্ষে ভাল। সেই নরকে মরা মানুষের মাংস খাওয়া পোকারা কখনও মরে না, আর সেখানকার আগুন কখনও নেভে না।
(মার্ক ৯:৪৭-৪৮)

গ্রীক গেহেনা (Gehenna) শব্দটিকে এখানে “নরক” (বা ইংরেজীতে Hell) শব্দে অনুবাদ করা হয়েছে।

অন্যান্য বিভিন্ন ভাষার বাইবেলে (যেমন ইংরেজী NIV এবং NASB বাইবেলে) এই অনুচ্ছেদটির ক্ষেত্রে একটি পাদটিকা ব্যবহার করে বলা হয় যে মূল গ্রীক শব্দ হল গেহেনা। যীশু গেহেনা শব্দটি ব্যবহার করছেন অপরাধ করার এবং ধ্বংসের এক জ্বলন্ত প্রতীক বা দৃষ্টান্ত হিসেবে - যা আসলে যীশুর সময়ে ছিল এক ধরনের চলতি কথা (বা কথার কথা)।

প্রাসঙ্গিক কিছু পদ

সিয়োল বা কবর:	আদি ৩৭:৩৫; গণনা ১৬:৩০-৩৩; ১ শমূ ২:৬; গীত ৬:৫; ১৬:১০; ৩১:১৭; ৮৯:৪৮; ১৩৯:৮; হিতো ৯:১৮; উপদেশক ৯:১০; যিশা ৩৮:১৮।
হেইডিস বা কবর:	মথি ১১:২৩; ১৬:১৮; লুক ১০:১৫; ১৬:২৩; প্রেরিত ২:২৭,৩১; প্রকাশিত ১:১৮; ৬:৮; ২০:১৩-১৪।
গেহেনা বা নরকের আগুন:	মথি ৫:২২, ২৯-৩০; ২৩:১৫,৩৩; যাকোব ৩:৬।
অপরাধী বা পাপীরা ধ্বংস হবে:	গীত ১৪৫:২০, ৩৭:২০; যিশা ২৬:১৩-১৪; ২ থিষ ১:৮-৯।
বিশ্বাসীরা উদ্ধার পাবে:	গীত ৯:১৭-১৮; যোহন ৩:১৬; ১১:২৫; প্রকা ১:১৮।

কেন যীশু স্বর্গ এবং নরকের তুলনা করেন?

And you, Capernaum, will not be exalted to heaven, will you? You shall descend to Hades ... (Matthew 11:23 NASB)

আর তুমি কফরনাহুম! তুমি নাকি স্বর্গ পর্যন্ত উঁচুতে উঠবে? কখনও না, তোমাকে নীচে হেইডিসে ফেলে দেওয়া হবে . . . (মথি ১১:২৩) (এই পদটি ইংরেজী NASB বাইবেল থেকে আক্ষরিক ভাবে অনুবাদ করা হল, বাংলা ক্যাঁরি বাইবেল এই পদের হেইডিস্ শব্দটিকে পাতাল শব্দে অনুবাদ করা হয়েছে)

আর হেইডিস্ হল একটি গ্রীক শব্দ যার অর্থ কবর, তাই যদি হয় তাহলে যীশু কেন তা স্বর্গের সাথে তুলনা করছেন? এখানে যীশু এই শব্দগুলো আসলে প্রতীকী রূপে ব্যবহার করছেন:

- স্বর্গ - জীবন, পবিত্রতা আর ধার্মিকতার প্রকাশ করে।
- হেইডিস - নরক, পাতাল বা মৃতস্থান, মৃত্যু, অপবিত্রতা আর পাপ প্রকাশ করে।

আমরা যখন এই একই পদ বাংলা কমন ল্যাঙ্গুয়েজ বাইবেলে থেকে পড়ি তা আমাদের কাছে আরো স্পষ্ট হয়ে ওঠে,:

আর তুমি কফরনাহুম! তুমি নাকি স্বর্গ পর্যন্ত উঁচুতে উঠবে? কখনও না, তোমাকে নীচে মৃতস্থানে ফেলে দেওয়া হবে . . . (মথি ১১:২৩)

যেহেতু পাপ আমাদের মৃত্যুর পথে নিয়ে যায়, কবর পাপের সাথে সম্পর্কযুক্ত - কবর হল সেই যায়গা যেখানে পাপীরা স্থান পায় (রোমীয় ৫:২১; ৬:২৩)। আর এর মাধ্যমে আমরা বুঝতে পারি যে কেন হেইডিস্ বা মৃত্যুর পক্ষে যীশুকে কবরে ধরে রাখার কোন ক্ষমতা ছিল না (প্রেরিত ২:২৪)। তিনি কোন পাপ করেন নি আর তাই “তঁকে ধরে রাখার সাধ্য মৃত্যুর (হেইডিস্ বা কবরের) ছিল না”।

সারাংশ

- “নরক” শব্দটি দ্বারা কবর, সমাধি বা গর্ত প্রকাশ করা হয় - যা হল মৃতদের থাকবার স্থান। এটি কোন মন্দতার স্থান নয়। সব মানুষই এক সময় এই নরকে/কবরে যায়।
- ইব্রীয় শব্দ সিয়োল এবং গ্রীক শব্দ হেইডিস্ মানে হল “কবর” এবং তা কোন কোন ক্ষেত্রে বাইবেলে “নরক” শব্দে অনুবাদ করা হয়েছে।

- নরকের আগুন বা গেহেনা হল হিল্লম উপত্যকার একটি নাম। এই উপত্যকাটি ছিল যেরুশালেমের আবর্জনা ফেলার স্থান, এবং সেখানে সব সময় আগুন জ্বলতে থাকত। এটি যিশুর সময়ে লোকদের কাছে মৃত্যু এবং অপরাধের একটি প্রতীক হয়ে ওঠে।

চিন্তার উদ্দীপক

১. আপনার কোন বন্ধু যদি আপনাকে বলে “তুমি নরকে যাবা” আপনি কিভাবে এই সুযোগটি ব্যবহার করে তার সাথে আপনার বিশ্বাসের বিষয়ে আলাপ করতে পারেন?
২. মথি ১০:২৮-৩১ পড়ুন। ২৮ পদে যারা বলতে কাকে বা কাদেরকে বুঝানো হচ্ছে? এই অনুচ্ছেদটির অর্থ আসলে কি?
৩. আপনি যখন কাউকে নরক সম্পর্কে বুঝাবেন আপনি কোথায় আপনার আলোচনা শুরু করবেন? কিভাবে আপনি কোন বাইবেল সহায়িকার সাহায্য ছাড়া তা ব্যাখ্যা করতে পারেন?
৪. লুক ১৬:১৯-৩১ পড়ুন। নরক যে একটি মন্দ যায়গা তা প্রমাণ করার জন্য প্রায়ই লাসার ও এই ধনী লোকের গল্পটি ব্যবহার করা হয়। আপনি কিভাবে এই রূপক গল্পটিকে ব্যাখ্যা করবেন?

সহায়ক অনুসন্ধান

১. প্রেরিত ২:২২-২৮, গীতসংহিতা ১৬:৮-১১ এবং গীতসংহিতা ১৬:১০ এই পদগুলো বিভিন্ন অনুবাদের বাইবেল থেকে পড়ুন। এই পদগুলোতে যে মৃতস্থান, কবর, পাতাল বা নরক শব্দগুলো ব্যবহার করা হয়েছে তা ইব্রীয় সিয়োল শব্দের অনুবাদ। তার মানে কি এই যে সিয়োল এবং হেইডিস শব্দ দুটি একই অর্থ প্রকাশ করে? একটি বাইবেল সহায়িকা (concordance) ব্যবহার করে এই যুক্তি কি সঠিক নাকি ভুল তা প্রামাণ করুন।
২. নরক শব্দে অনুবাদ করা হয়েছে এমন তিনটি শব্দের অর্থ ব্যাখ্যা করে আধা পৃষ্ঠার একটি সারাংশ লিখুন। কোন বাইবেল সহায়িকা বা অভিধানের সাহায্য নিন। এমন চতুর্থ কোন শব্দ আপনি বাইবেল থেকে খুঁজে বের করতে পারবেন কি যেখানে কোন শব্দকে নরক শব্দে অনুবাদ করা হয়েছে?

এবিষয়ে আরো জানতে চাইলে নিচে উল্লিখিত বই/সূত্রগুলো অনুসন্ধান করুন

- Studies in the gospels লেখক Harry Whittaker (Biblia কর্তৃক প্রকাশিত)। ১৩৯ অধ্যায় The rich man and Lazarus ৫ পৃষ্ঠা।
- Wrested scriptures লেখক Ron Abel (The Christadelphians, Pasadena কর্তৃক প্রকাশিত)। ১৩১-১৩৫ পৃষ্ঠা এই অধ্যায়ে বাইবেলের বিভিন্ন পদ নিয়ে পর্যালোচনা করা হয়েছে যা প্রায়ই ভুলভাবে ব্যাখ্যা বা অনুবাদ করা হয়।

আরো দেখুন

১৮. মৃত্যু

২৪. পুরাতন নিয়মে: দিয়াবল এবং শয়তান

২৫. নতুন নিয়মে: দিয়াবল এবং শয়তান

৪৩. পুনরুত্থান

৪৪. বিচার